11

দৈনিক সংবাদ

তারিখ 0 2 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ স্কুল

# আজব প্রশ্নমালা

।। জসীম চৌধুরী সবুজ ।।

চট্টগ্রাম, ১লা নভেম্বর।– চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ উচ্চ বিদ্যালয়ে দশম শ্রেণীর প্রাকনির্বাচনী পরীক্ষা '৯৪–এর সমাজ–বিজ্ঞান বিষয়ে নৈর্ব্যক্তিক প্রশ্নমালায় শুধু ইতিহাস বিকৃতিই ঘটানো হয়নি, কিছু কিছু প্রশ্ন সংযোজন করা হয়েছে যা অত্যন্ত আপত্তিকরও বটে। যেমন প্রশ্নপত্রের শুরুতেই ১নং প্রশ্নটি করা হয়েছে এভাবে, তথাকথিত জাতিসংঘের অঙ্গ সংগঠন কোন্‌টি? (ক) আইএলও (খ) পিএলও (গ) সিএসএস (ঘ) ওআইসি। ২১ নং প্রশ্নে, খোন্দকার মোশতাক, জিয়াউর রহমান, প্রেসিডেন্ট এরশাদ, বিএনপি এই চারটি নাম উল্লেখ করে জানতে চাওয়া হয় "বাংলার সোনালী যুগ বলা যায় কার সময়কে?" ২২নং প্রশ্নে, বিএনপি, জামাত, আওয়ামী লীগ, ন্যাপ এই চারটি দলের নাম লিখে জানতে চাওয়া হয় "ক্যাডার সমৃদ্ধ সুশৃংখল রাজনৈতিক দল কোন্‌টি?" ২৪নং প্রশ্নে, প্রেসিডেন্ট জিয়া, শেখ মুজিব, প্রেসিডেন্ট এরশাদ ও মওলানা ভাসানী— এই নাম চারটি লিখে জানতে চাওয়া হয়, "কার মৃত্যুতে এদেশে আনন্দের প্লাবন এনেছিল?" ৩৬ নং প্রশ্নে বলা হয়, এক নেতা, এক দেশ, এক জাতি—এটা কোন্ সরকারের আদর্শ?" এ ধরনের অনেক আপত্তিকর প্রশ্নে ভরা এই প্রশ্নপত্র নিয়ে ছাত্রছাত্রী ও অভিভাবক মহল ইতিমধ্যে আপত্তি তুলেছে, বন্দর এলাকায় মিছিল হয়েছে।

খোঁজখবর নিয়ে জানা গেছে,

স্কুল : পৃঃ ৮ কঃ ২

## স্কুল : আজব প্রশ্নমালা

( ১ম পৃষ্ঠার পর )

বিদ্যালয়ের প্রধান শিক্ষক জামাতের একজন সক্রিয় কর্মী। তারই নির্দেশে প্রণীত হয় এই প্রশ্নপত্র, যা দিয়ে গত রোববার পরীক্ষা গ্রহণ করা হয়।

বন্দরের উর্ধ্বতন একজন কর্মকর্তার কাছে এ ব্যাপারে জানতে চাইলে তিনি এর সত্যতা স্বীকার করেন এবং কর্তৃপক্ষের অগোচরে কাজটি করা হয়েছে বলে মন্তব্য করেন।